NEWAGE
THE OUTSPOKEN DAILY
MONDAY, 21 SEPTEMBER 2026

# DCCI delegation to visit Malaysia to expand trade, investment

**Bangladesh Sangbad Sangstha**
Dhaka

A 39-MEMBER business delegation of the Dhaka Chamber of Commerce and Industry, led by DCCI President Taskeen Ahmed, will visit Kuala Lumpur, Malaysia from September 22 to September 25 with an aim to strengthen bilateral trade and investment between Bangladesh and Malaysia.

The visit will also focus on expanding exports of Bangladeshi products with high potential in the Malaysian market and attracting Malaysian investment to Bangladesh.

The high commission of Bangladesh in Malaysia is extending its overall support and cooperation to the DCCI delegation throughout its visit, said a press release on Sunday.

During the visit, the business delegation will hold trade discussions and participate in Business-to-Business sessions with the Klang Chinese Chamber of Commerce and Industry, the Federation of Malaysian Manufacturers, and the National Chamber of Commerce and Industry of Malaysia on 23, 24 and 25 September respectively.

Through participating in these business networking meetings, Bangladeshi entrepreneurs will have the opportunities to explore avenues for expanding bilateral trade and investment.

The delegates will also participate in one of the world's premier halal trade platforms Malaysia International Halal Showcase to be held in Kuala Lumpur on 24 September 2026. This will provide Bangladeshi businesses with a significant opportunity to engage with global halal industry leaders.

In addition, DCCI leadership will pay courtesy calls on Minister of Tourism, Arts and Culture of Malaysia Dato Sri Tiong King Sing and Deputy Minister of Finance of Malaysia Liew Chin Tong.

It may be noted that Bangladeshi nationals account for 37 per cent of the total foreign workers employed in Malaysia, who remitted a total of $3.40 billion to Bangladesh during the 2025-26 fiscal year.

In FY2024-25, the total bilateral trade between Bangladesh and Malaysia amounted to approximately $2.57 billion, with Bangladesh's imports and exports standing at $2.293 billion and $282 million, respectively.

In addition, Malaysian entrepreneurs have already invested US$755.48 million in Bangladesh, with significant investments in sectors including telecommunications, power, chemicals and pharmaceuticals, construction and textiles.

The DCCI delegation is scheduled to return to Dhaka on September 25, 2026.

The Financial Express
MONDAY, 21 SEPTEMBER 2026

# DCCI delegation to visit Malaysia to bolster trade, investment

FE REPORT

A 39-member business delegation of the Dhaka Chamber of Commerce & Industry (DCCI), led by its President Taskeen Ahmed, will visit Kuala Lumpur, Malaysia, from 22-25 September 2026 with an aim to strengthen bilateral trade and investment between Bangladesh and Malaysia.

According to a DCCI statement, the visit will also focus on expanding exports of Bangladeshi products with high potential in the Malaysian market and attracting Malaysian investment to Bangladesh.

The High Commission of Bangladesh in Malaysia is extending its overall support and cooperation to the DCCI delegation throughout its visit.

During the visit, the business delegation will hold trade discussions and participate in Business-to-Business (B2B) sessions with the Klang Chinese Chamber of Commerce and Industry, the Federation of Malaysian Manufacturers, and the National Chamber of Commerce and Industry of Malaysia on 23, 24 and 25 September, respectively.

Through participating in these business networking meetings, Bangladeshi entrepreneurs will have the opportunities to explore avenues for expanding bilateral trade and investment.

The delegates will also participate in one of the world's premier halal trade platforms Malaysia International Halal Showcase (MIHAS) to be held in Kuala Lumpur on 24 September 2026.

This will provide Bangladeshi businesses with a significant opportunity to engage with global halal industry leaders.

In addition, DCCI leadership will pay courtesy calls on Minister of Tourism, Arts and Culture of Malaysia Dato Sri Tiong King Sing and Deputy Minister of Finance of Malaysia Liew Chin Tong.

It may be noted that Bangladeshi nationals account for 37 per cent of the total foreign workers employed in Malaysia, who remitted a total of US$3.40 billion to Bangladesh during the 2025-26 fiscal year.

In FY2024-25, the total bilateral trade between Bangladesh and Malaysia amounted to approximately US$2.57 billion, with Bangladesh's imports and exports standing at US$2.293 billion and US$282 million, respectively.

*bdsmile@gmail.com*

daily sun
TRUE & IMPARTIAL
MONDAY, 21 SEPTEMBER 2026

# DCCI team to visit Malaysia to boost trade, investment

**Daily Sun Report,** *Dhaka*

A 39-member business delegation of the Dhaka Chamber of Commerce & Industry (DCCI), led by its President Taskeen Ahmed, will visit Kuala Lumpur, Malaysia, from 22 to 25 September 2026 with an aim to strengthen bilateral trade and investment between Bangladesh and Malaysia.

The visit will also focus on expanding exports of Bangladeshi products with high potential in the Malaysian market and attracting Malaysian investment to Bangladesh. The High Commission of Bangladesh in Malaysia is extending its overall support and cooperation to the DCCI delegation throughout its visit.

During the visit, the business delegation will hold trade discussions and participate in Business-to-Business (B2B) sessions with the Klang Chinese Chamber of Commerce and Industry, the Federation of Malaysian Manufacturers, and the National Chamber of Commerce and Industry of Malaysia on 23, 24 and 25 September, respectively.

Through participating in these business networking meetings, Bangladeshi entrepreneurs will have the opportunities to explore avenues for expanding bilateral trade and investment. The delegates will also participate in one of the world's premier halal trade platforms Malaysia International Halal Showcase (MIHAS) to be held in Kuala Lumpur on 24 September 2026. This will provide Bangladeshi businesses with a significant opportunity to engage with global halal industry leaders.

In addition, DCCI leadership will pay courtesy calls on the Minister of Tourism, Arts and Culture of Malaysia Dato Sri Tiong King Sing and Deputy Minister of Finance of Malaysia Liew Chin Tong.

Bangladeshi nationals account for 37% of the total foreign workers employed in Malaysia, who remitted a total of US$3.40 billion to Bangladesh during the 2025-26 fiscal year.

the daily observer
We stand for people's rights
MONDAY, 21 SEPTEMBER 2026

# DCCI delegation to visit Malaysia to expand trade, investment

**Business Desk**

A 39-member business delegation of the Dhaka Chamber of Commerce and Industry (DCCI), led by DCCI President Taskeen Ahmed, will visit Kuala Lumpur, Malaysia from September 22-25, 2026 with an aim to strengthen bilateral trade and investment between Bangladesh and Malaysia.

The visit will also focus on expanding exports of Bangladeshi products with high potential in the Malaysian market and attracting Malaysian investment to Bangladesh. The High Commission of Bangladesh in Malaysia is extending its overall support and cooperation to the DCCI delegation throughout its visit, said a press release on Sunday.

During the visit, the business delegation will hold trade discussions and participate in Business-to-Business (B2B) sessions with the Klang Chinese Chamber of Commerce and Industry, the Federation of Malaysian Manufacturers, and the National Chamber of Commerce and Industry of Malaysia on 23, 24 and 25 September respectively.

Through participating in these business networking meetings, Bangladeshi entrepreneurs will have the opportunities to explore avenues for expanding bilateral trade and investment.

The delegates will also participate in one of the world's premier halal trade platforms Malaysia International Halal Showcase (MIHAS) to be held in Kuala Lumpur on 24 September 2026. This will provide Bangladeshi businesses with a significant opportunity to engage with global halal industry leaders.

DAILY TIMES OF BANGLADESH

MONDAY, 21 SEPTEMBER 2026

# DCCI delegation to hold B2B sessions, join halal showcase in Malaysia

A 39-member business delegation of the Dhaka Chamber of Commerce & Industry (DCCI), led by DCCI President Taskeen Ahmed, will visit Kuala Lumpur, Malaysia, from 22 to 25 September to strengthen bilateral trade and investment between Bangladesh and Malaysia.

The visit will focus on expanding exports of Bangladeshi products with high potential in the Malaysian market and attracting Malaysian investment to Bangladesh. The High Commission of Bangladesh in Malaysia is extending its support and cooperation to the delegation throughout the visit, said a press release on Sunday.

The delegation will hold trade discussions and participate in Business-to-Business (B2B) sessions with the Klang Chinese Chamber of Commerce and Industry, the Federation of Malaysian Manufacturers and the National Chamber of Commerce and Industry of Malaysia on 23, 24 and 25 September respectively. Delegates will also participate in the Malaysia International Halal Showcase (MIHAS) in Kuala Lumpur on 24 September. DCCI leadership will pay courtesy calls on Malaysia Minister of Tourism, Arts and Culture Dato Sri Tiong King Sing and Malaysia Deputy Minister of Finance Liew Chin Tong.

Bangladeshi nationals account for 37 per cent of total foreign workers employed in Malaysia, remitting $3.40 billion to Bangladesh during the 2025–26 fiscal year. In FY2024–25, total bilateral trade between Bangladesh and Malaysia amounted to approximately $2.57 billion, with Bangladesh's imports at $2.293 billion and exports at $282 million.

Malaysian entrepreneurs have invested $755.48 million in Bangladesh, with significant investments in telecommunications, power, chemicals and pharmaceuticals, construction and textiles.

The delegation is scheduled to return to Dhaka on 25 September 2026.

BSS NEWS
Online portal of Bangladesh Sangbad Sangstha

# DCCI delegation to visit Malaysia to expand trade, investment

DHAKA, Sept 20, 2026 (BSS) - A 39-member business delegation of the Dhaka Chamber of Commerce and Industry (DCCI), led by DCCI President Taskeen Ahmed, will visit Kuala Lumpur, Malaysia from September 22-25, 2026 with an aim to strengthen bilateral trade and investment between Bangladesh and Malaysia.

The visit will also focus on expanding exports of Bangladeshi products with high potential in the Malaysian market and attracting Malaysian investment to Bangladesh. The High Commission of Bangladesh in Malaysia is extending its overall support and cooperation to the DCCI delegation throughout its visit, said a press release here today.

During the visit, the business delegation will hold trade discussions and participate in Business-to-Business (B2B) sessions with the Klang Chinese Chamber of Commerce and Industry, the Federation of Malaysian Manufacturers, and the National Chamber of Commerce and Industry of Malaysia on 23, 24 and 25 September respectively.

Through participating in these business networking meetings, Bangladeshi entrepreneurs will have the opportunities to explore avenues for expanding bilateral trade and investment.

The delegates will also participate in one of the world's premier halal trade platforms Malaysia International Halal Showcase (MIHAS) to be held in Kuala Lumpur on 24 September 2026. This will provide Bangladeshi businesses with a significant opportunity to engage with global halal industry leaders.

In addition, DCCI leadership will pay courtesy calls on Minister of Tourism, Arts and Culture of Malaysia Dato Sri Tiong King Sing and Deputy Minister of Finance of Malaysia Liew Chin Tong.

It may be noted that Bangladeshi nationals account for 37% of the total foreign workers employed in Malaysia, who remitted a total of US$3.40 billion to Bangladesh during the 2025-26 fiscal year.

In FY2024-25, the total bilateral trade between Bangladesh and Malaysia amounted to approximately US$2.57 billion, with Bangladesh's imports and exports standing at US$2.293 billion and US$282 million, respectively.

In addition, Malaysian entrepreneurs have already invested US$755.48 million in Bangladesh, with significant investments in sectors including telecommunications, power, chemicals and pharmaceuticals, construction and textiles.

The DCCI delegation is scheduled to return to Dhaka on September 25, 2026.

বণিক বার্তা

সোমবার, ২১ সেপ্টেম্বর ২০২৬

# ব্যবসা-বাণিজ্য ও বিনিয়োগ সম্প্রসারণে মালয়েশিয়ায় যাচ্ছে ঢাকা চেম্বারের প্রতিনিধিদল

DCCI
ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি

বাংলাদেশ ও মালয়েশিয়ার মধ্যে দ্বিপক্ষীয় বাণিজ্য ও বিনিয়োগ বাড়ানো এবং মালয়েশিয়ার বাজারে বাংলাদেশের সম্ভাবনাময় পণ্যের রফতানি সম্প্রসারণ ও বিনিয়োগ আকর্ষণের লক্ষ্যে দেশটিতে সফর করবে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির একটি বাণিজ্য প্রতিনিধিদল (ডিসিসিআই)। ৩৯ সদস্যের দলটির নেতৃত্ব দেবেন ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদ। আগামী ২২ থেকে ২৫ সেপ্টেম্বর দলটি মালয়েশিয়ার রাজধানী কুয়ালালামপুর সফর করবে। দেশটিতে বাংলাদেশের হাইকমিশন প্রতিনিধিদলের বিভিন্ন কার্যক্রমে সহযোগিতা করবে।
সফরকালে ২৩, ২৪ ও ২৫ সেপ্টেম্বর যথাক্রমে ক্ল্যাং চাইনিজ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, ফেডারেশন অব মালয়েশিয়ান ম্যানুফ্যাকচারার্স এবং ন্যাশনাল চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি অব মালয়েশিয়ার সঙ্গে বাণিজ্য আলোচনা ও বিটুবি (বিজনেস-টু-বিজনেস) সেশনে অংশ নেবে ডিসিসিআই প্রতিনিধিদল। এসব বৈঠকের মাধ্যমে বাংলাদেশী উদ্যোক্তারা দ্বিপক্ষীয় বাণিজ্য ও বিনিয়োগ সম্প্রসারণের সুযোগ পাবেন।
এছাড়া ২৪ সেপ্টেম্বর কুয়ালালামপুরে অনুষ্ঠিতব্য আন্তর্জাতিক হালাল পণ্যের বাণিজ্য মেলা 'মালয়েশিয়া ইন্টারন্যাশনাল হালাল শোকেস (মিহাস)-২০২৬'-এ অংশ নেবে ডিসিসিআই প্রতিনিধিদল। সেখানে মালয়েশিয়াসহ বিভিন্ন দেশের হালাল শিল্পের উদ্যোক্তাদের সঙ্গে ব্যবসা-বাণিজ্য ও বিনিয়োগ সম্প্রসারণের সুযোগ তৈরি হবে। সফরকালে মালয়েশিয়ার পর্যটন, শিল্প ও সংস্কৃতিমন্ত্রী টিয়ং কিং সিং এবং উপ-অর্থমন্ত্রী লিউ চিং টংয়ের সঙ্গে ডিসিসিআই নেতাদের সৌজন্য সাক্ষাৎ হওয়ার কথা রয়েছে।

উল্লেখ্য, মালয়েশিয়ায় কর্মরত মোট বিদেশী শ্রমিকদের মধ্যে ৩৭% বাংলাদেশী, যারা ২০২৫-২৬ অর্থবছরে মোট ৩.৪০ বিলিয়ন মার্কিন ডলারের রেমিট্যান্স বাংলাদেশে প্রেরণ করেন। ২০২৪-২৫ অর্থবছরে বাংলাদেশ ও মালয়েশিয়ার মধ্যকার মোট বাণিজ্যের পরিমাণ প্রায় ২.৫৭ বিলিয়ন মার্কিন ডলার, যেখানে বাংলাদেশের আমদানি-রপ্তানির পরিমাণ ছিল যথাক্রমে ২২৯৩ ও ২৮২ মিলিয়ন মার্কিন ডলার। এছাড়াও মালয়েশিয়ার উদ্যোক্তারা ইতোমধ্যে বাংলাদেশে ৭৫৫.৪৮ মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ করেছে, যার মধ্যে টেলিযোগাযোগ, বিদ্যুৎ, কেমিক্যাল ও ফার্মাসিউটিক্যাল, নির্মাণ এবং টেক্সটাইল প্রভৃতি খাত উল্লেখযোগ্য।

ডিসিসিআই'র প্রতিনিধিদলটি আগামী ২৫ সেপ্টেম্বর ঢাকায় ফিরবে।

দা য়ি ত্ব শী ল দে র দৈ নি ক

দেশ রূপান্তর

সোমবার, ২১ সেপ্টেম্বর ২০২৬

# বিনিয়োগ আকর্ষণে কুয়ালালামপুর যাচ্ছে ডিসিসিআই প্রতিনিধিদল

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশে মালয়েশিয়ার বিনিয়োগ বাড়ানো এবং দুই দেশের ব্যবসা-বাণিজ্য সম্প্রসারণের লক্ষ্যে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) একটি বাণিজ্য প্রতিনিধিদল মালয়েশিয়া সফরে যাচ্ছে। ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদের নেতৃত্বে দলের সদস্য সংখ্যা মোট ৩৯ জন। গতকাল রবিবার সংগঠনটির পক্ষ থেকে এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। মালয়েশিয়ার বাজারে বাংলাদেশের সম্ভাবনাময় পণ্যের রপ্তানি বাড়ানো এবং দুই দেশের উদ্যোক্তাদের মধ্যে নতুন ব্যবসায়িক অংশীদারত্ব তৈরির সুযোগ খুঁজবে প্রতিনিধিদলটি।

২২ থেকে ২৫ সেপ্টেম্বর মালয়েশিয়ার কুয়ালালামপুর সফর করবে তারা। এ সময় মালয়েশিয়ার বিনিয়োগকারীদের বাংলাদেশে বিনিয়োগে আকৃষ্ট করার পাশাপাশি দুই দেশের ব্যবসায়ীদের মধ্যে বাণিজ্যিক সম্পর্ক জোরদারে বিভিন্ন কর্মসূচিতে অংশ নেবে প্রতিনিধিদলটি। মালয়েশিয়ায় নিযুক্ত বাংলাদেশের হাইকমিশন সফরের বিভিন্ন কার্যক্রমে সার্বিক সহযোগিতা করছে।

সফরকালে ২৩, ২৪ ও ২৫ সেপ্টেম্বর যথাক্রমে ক্ল্যাং চাইনিজ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, ফেডারেশন অব মালয়েশিয়ান ম্যানুফ্যাকচারার্স এবং ন্যাশনাল চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি অব মালয়েশিয়ার সঙ্গে বাণিজ্য আলোচনা ও ব্যবসায়ীদের মধ্যে দ্বিপাক্ষিক বৈঠকে (বিটুবি) অংশ নেবে প্রতিনিধিদল। এসব বৈঠকের মাধ্যমে বাংলাদেশি উদ্যোক্তারা মালয়েশিয়ার ব্যবসায়ীদের সঙ্গে নতুন বাণিজ্য ও বিনিয়োগের সুযোগ তৈরির সুযোগ পাবেন।

এ ছাড়া বাণিজ্য প্রতিনিধিরা ২৪ সেপ্টেম্বর কুয়ালালামপুরে অনুষ্ঠিতব্য বিশ্বের অন্যতম বৃহৎ হালাল পণ্যের আন্তর্জাতিক বাণিজ্যমেলা 'মালয়েশিয়া ইন্টারন্যাশনাল হালাল শোকেস (মিহাস)-২০২৬'-এ অংশ নেবে। সেখানে মালয়েশিয়াসহ বিভিন্ন দেশের উদ্যোক্তাদের সঙ্গে হালাল শিল্পে ব্যবসা-বাণিজ্য ও বিনিয়োগ সম্প্রসারণের সম্ভাবনা নিয়ে মতবিনিময় করবেন তারা।

সফরকালে মালয়েশিয়ার পর্যটন, শিল্প ও সংস্কৃতিমন্ত্রী টিয়ং কিং সিং এবং উপ-অর্থমন্ত্রী লিউ চিং টংয়ের সঙ্গে ডিসিসিআই নেতৃবৃন্দের সৌজন্য সাক্ষাৎ হওয়ার কথা রয়েছে।

উল্লেখ্য, মালয়েশিয়ায় কর্মরত বিদেশি শ্রমিকদের মধ্যে ৩৭ শতাংশই বাংলাদেশি। তারা ২০২৫-২৬ অর্থবছরে বাংলাদেশে ৩ দশমিক ৪০ বিলিয়ন মার্কিন ডলার রেমিট্যান্স পাঠিয়েছেন।

২০২৪-২৫ অর্থবছরে বাংলাদেশ ও মালয়েশিয়ার মধ্যে মোট বাণিজ্যের পরিমাণ ছিল প্রায় ২ দশমিক ৫৭ বিলিয়ন মার্কিন ডলার। এর মধ্যে বাংলাদেশ থেকে মালয়েশিয়ায় রপ্তানি হয়েছে ২৮ কোটি ২০ হাজার মার্কিন ডলারের পণ্য এবং মালয়েশিয়া থেকে বাংলাদেশ আমদানি করেছে ২ দশমিক ২৯৩ বিলিয়ন মার্কিন ডলারের পণ্য।

এ ছাড়া মালয়েশিয়ার উদ্যোক্তারা বাংলাদেশে ইতিমধ্যে ৭৫৫ দশমিক ৪৮ মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছেন। টেলিযোগাযোগ, বিদ্যুৎ, রাসায়নিক ও ওষুধ, নির্মাণ এবং বস্ত্রসহ বিভিন্ন খাতে এসব বিনিয়োগ রয়েছে। ডিসিসিআইয়ের প্রতিনিধিদলটির ২৫ সেপ্টেম্বর ঢাকা ফেরার কথা রয়েছে।

দৈনিক ইনকিলাব
শুধু দেশ ও জনগণের পক্ষে
THE DAILY INQILAB
সোমবার, ২১ সেপ্টেম্বর ২০২৬

# ব্যবসা সম্প্রসারণে মালয়েশিয়ায় যাচ্ছে ঢাকা চেম্বারের প্রতিনিধিদল

**অর্থনৈতিক রিপোর্টার :** বাংলাদেশ-মালয়েশিয়ার মধ্যকার দ্বিপাক্ষিক বাণিজ্য ও বিনিয়োগ বৃদ্ধি, দেশটির বাজারে বাংলাদেশের সম্ভাবনাময় পণ্যের রপ্তানি সম্প্রসারণের লক্ষ্যে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) একটি প্রতিনিধিদল মালয়েশিয়া সফরে যাচ্ছে।

ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদের নেতৃত্বে ৩৯ সদস্যের প্রতিনিধিদল আগামী ২২ থেকে ২৫ সেপ্টেম্বর কুয়ালালামপুর সফর করবে। এ লক্ষ্যে মালয়েশিয়ায় নিযুক্ত বাংলাদেশের হাইকমিশন ডিসিসিআই'র প্রতিনিধিদলের সব কর্মকাণ্ডে সার্বিক সহযোগিতা করছে। গতকাল রোববার ডিসিসিআইয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এতথ্য জানানো হয়েছে। সফরকালে ঢাকা চেম্বারের বাণিজ্য প্রতিনিধিদলটি আগামী ২৩, ২৪ ও ২৫ সেপ্টেম্বর সময়ে ক্ল্যাং চাইনিজ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, ফেডারেশন অব মালয়েশিয়ান ম্যানুফেকচারার্স ও ন্যাশনাল চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি অব মালয়েশিয়ার সঙ্গে বাণিজ্য আলোচনা ও বিটুবি সেশনে অংশগ্রহণ করবে।

ডিসিসিআই প্রতিনিধিদলটি ২৪ সেপ্টেম্বর কুয়ালালামপুরে অনুষ্ঠিতব্য বিশ্বের অন্যতম বৃহত্তম হালাল পণ্যের আন্তর্জাতিক বাণিজ্য মেলা 'মালয়েশিয়া ইন্টারন্যাশনাল হালাল শোকেস (মিহাস)-২০২৬' এ অংশগ্রহণ করবে ও হালাল শিল্পখাতের মালয়েশিয়াসহ বিভিন্ন দেশের উদ্যোক্তাদের সঙ্গে ব্যবসা-বাণিজ্য ও বিনিয়োগ সম্প্রসারণের সুযোগ পাবে। সফরকালে মালয়েশিয়া সরকারের পর্যটন, শিল্প ও সংস্কৃতি মন্ত্রী টিয়ং কিং সিং এবং উপ অর্থমন্ত্রী লিউ চিং টংয়ের সঙ্গে চেম্বারের নেতাদের সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত হবে।

আমার দেশ
স্বাধীনতার কথা বলে
THE DAILY AMAR DESH

সোমবার, ২১ সেপ্টেম্বর ২০২৬

# মালয়েশিয়ায় বাণিজ্য সম্প্রসারণের উদ্যোগ ঢাকা চেম্বারের

অর্থনৈতিক রিপোর্টার

বাংলাদেশ ও মালয়েশিয়ার দ্বিপক্ষীয় বাণিজ্য ও বিনিয়োগ বৃদ্ধি, দেশটির বাজারে বাংলাদেশের সম্ভাবনাময় পণ্যের রপ্তানি সম্প্রসারণের পাশাপাশি মালয়েশিয়ার বিনিয়োগ আকর্ষণের উদ্যোগ নিয়েছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। এরই অংশ হিসেবে চেম্বারের সভাপতি তাসকীন আহমেদের নেতৃত্বে ৩৯ সদস্যের একটি বাণিজ্য প্রতিনিধিদল আগামী ২২ থেকে ২৫ সেপ্টেম্বর মালয়েশিয়ার কুয়ালালামপুর সফর করবেন। গতকাল রোববার ডিসিসিআই থেকে পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে বিষয়টি জানানো হয়েছে।

সফরে ঢাকা চেম্বারের বাণিজ্য প্রতিনিধিদল আগামী ২৩, ২৪ ও ২৫ সেপ্টেম্বর যথাক্রমে ক্ল্যাং চাইনিজ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, ফেডারেশন অব মালয়েশিয়ান ম্যানুফ্যাকচারার্স এবং ন্যাশনাল চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি অব মালয়েশিয়ার সঙ্গে বাণিজ্য আলোচনা এবং বিটুবি সেশনে অংশ নেবে।

আজকের পত্রিকা

সোমবার, ২১ সেপ্টেম্বর ২০২৬

ডিসিসিআই উদ্যোগ

# ব্যবসার খোঁজে মালয়েশিয়ায় যাচ্ছে প্রতিনিধিদল

**বিশেষ প্রতিনিধি**, ঢাকা

বাংলাদেশের রপ্তানি বাড়ানো, মালয়েশিয়ার বিনিয়োগ আকর্ষণ এবং দুই দেশের ব্যবসায়িক যোগাযোগ জোরদারে ৩৯ সদস্যের একটি বাণিজ্য প্রতিনিধিদল নিয়ে মালয়েশিয়া যাচ্ছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। সভাপতি তাসকীন আহমেদের নেতৃত্বে প্রতিনিধিদলটি ২২-২৫ সেপ্টেম্বর কুয়ালালামপুর সফর করবে। বাংলাদেশের হাইকমিশন এ সফরে সার্বিক সহযোগিতা দিচ্ছে।

সফরে ২৩, ২৪ ও ২৫ সেপ্টেম্বর যথাক্রমে ক্ল্যাং চায়নিজ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, ফেডারেশন অব মালয়েশিয়ান ম্যানুফ্যাকচারার্স এবং ন্যাশনাল চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি অব মালয়েশিয়ার সঙ্গে বাণিজ্য আলোচনা ও বিটুবি সেশনে অংশ নেবে ডিসিসিআই প্রতিনিধিদল। এসব বৈঠকে বাংলাদেশি উদ্যোক্তারা ব্যবসা ও বিনিয়োগের নতুন সুযোগ খুঁজবেন।

এ ছাড়া ২৪ সেপ্টেম্বর কুয়ালালামপুরে অনুষ্ঠিতব্য বিশ্বের অন্যতম বড় হালাল পণ্যের বাণিজ্য মেলা 'মালয়েশিয়া ইন্টারন্যাশনাল হালাল শোকেস (মিহাস)-২০২৬'-এ অংশ নেবেন তাঁরা। সেখানে মালয়েশিয়াসহ বিভিন্ন দেশের উদ্যোক্তাদের সঙ্গে হালাল পণ্য, ব্যবসা ও বিনিয়োগ নিয়ে যোগাযোগের সুযোগ পাবেন বাংলাদেশি ব্যবসায়ীরা।

সফরে মালয়েশিয়ার পর্যটন, শিল্প ও সংস্কৃতিমন্ত্রী টিয়ং কিং সিং এবং উপঅর্থমন্ত্রী লিউ চিং টংয়ের সঙ্গে ডিসিসিআই নেতাদের সৌজন্য সাক্ষাৎও হবে।

দুই দেশের বাণিজ্যিক সম্পর্কের বড় সম্ভাবনা থাকলেও বাংলাদেশ-মালয়েশিয়া বাণিজ্যে ঘাটতি রয়েছে। ২০২৪-২৫ অর্থবছরে দুই দেশের মোট বাণিজ্য ছিল প্রায় ২.৫৭ বিলিয়ন ডলার। এর মধ্যে বাংলাদেশ মালয়েশিয়া থেকে আমদানি করেছে ২.২৯৩ বিলিয়ন ডলারের পণ্য, বিপরীতে রপ্তানি করেছে ২৮২ মিলিয়ন ডলারের পণ্য।

বাংলাদেশে মালয়েশিয়ার বিনিয়োগের পরিমাণ ৭৫৫.৪৮ মিলিয়ন ডলার। টেলিযোগাযোগ, বিদ্যুৎ, কেমিক্যাল ও ফার্মাসিউটিক্যাল, নির্মাণ ও টেক্সটাইল খাতে এ বিনিয়োগ রয়েছে। অন্যদিকে মালয়েশিয়ায় কর্মরত বিদেশি শ্রমিকদের ৩৭ শতাংশই বাংলাদেশি। ২০২৫-২৬ অর্থবছরে তাঁরা বাংলাদেশে ৩.৪০ বিলিয়ন ডলার রেমিট্যান্স পাঠিয়েছেন।

২৫ সেপ্টেম্বর দেশে ফিরবে ডিসিসিআই প্রতিনিধিদল।

The Daily Shomoyer Alo
সময়ের আলো
সত্য প্রকাশে আপসহীন

সোমবার, ২১ সেপ্টেম্বর ২০২৬

# বাণিজ্য সম্প্রসারণে মালয়েশিয়া সফরে ঢাকা চেম্বার

● নিজস্ব প্রতিবেদক

দ্বিপক্ষীয় বাণিজ্য বাড়ানো, বাংলাদেশি পণ্যের জন্য মালয়েশিয়ার বাজারে নতুন সুযোগ তৈরি এবং দেশটির বিনিয়োগকারীদের বাংলাদেশে আকৃষ্ট করার লক্ষ্য নিয়ে মালয়েশিয়া সফরে যাচ্ছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। চার দিনের এ সফরে ব্যবসায়ী ও শিল্পোদ্যোক্তাদের সঙ্গে ধারাবাহিক বৈঠক, বিজনেস-টু-বিজনেস (বিটুবি) সভা এবং আন্তর্জাতিক হালাল পণ্যের বাণিজ্য মেলায় অংশ নেবেন বাংলাদেশি উদ্যোক্তারা।

ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদের নেতৃত্বে ২২ থেকে ২৫ সেপ্টেম্বর মালয়েশিয়ার রাজধানী কুয়ালালামপুর সফর করবে ডিসিসিআইর ৩৯ সদস্য। সফরকালে দুই দেশের ব্যবসায়ী ও শিল্পোদ্যোক্তাদের মধ্যে বাণিজ্য ও বিনিয়োগের সম্ভাবনা নিয়ে আলোচনা হবে। একই সঙ্গে নতুন ব্যবসায়িক যোগাযোগ ও অংশীদারিত্ব তৈরির সুযোগ পাবেন বাংলাদেশের উদ্যোক্তারা। ডিসিসিআইয়ের এ সফরের বিভিন্ন কর্মসূচিতে সার্বিক সহযোগিতা দিচ্ছে মালয়েশিয়ায় নিযুক্ত বাংলাদেশের হাইকমিশন। সফরের অংশ হিসেবে ২৩, ২৪ ও ২৫ সেপ্টেম্বর পৃথকভাবে ক্ল্যাং চাইনিজ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, ফেডারেশন অব মালয়েশিয়ান ম্যানুফ্যাকচারার্স এবং ন্যাশনাল চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি অব মালয়েশিয়ার সঙ্গে বৈঠকে বসবে ডিসিসিআই প্রতিনিধি দল। এসব কর্মসূচিতে বাণিজ্য আলোচনা ও বিটুবি সেশনের আয়োজন থাকবে।

এ ধরনের সরাসরি বৈঠকের মাধ্যমে মালয়েশিয়ার ব্যবসায়ী ও উদ্যোক্তাদের সঙ্গে বাংলাদেশি ব্যবসায়ীদের যোগাযোগ বাড়বে বলে আশা করা হচ্ছে। পাশাপাশি দেশটির বাজারে বাংলাদেশি পণ্যের নতুন ক্রেতা ও সম্ভাব্য ব্যবসায়িক অংশীদার খুঁজে পাওয়ার সুযোগও তৈরি হতে পারে।

সময়ের আলো

আগামীর সময়

সোমবার, ২১ সেপ্টেম্বর ২০২৬

# দ্বিপক্ষীয় বাণিজ্য সম্প্রসারণে মালয়েশিয়া সফরে ডিসিসিআই প্রতিনিধিদল

বাংলাদেশ ও মালয়েশিয়ার মধ্যকার দ্বিপক্ষীয় বাণিজ্য বৃদ্ধি, মালয়েশিয়ার বাজারে বাংলাদেশি পণ্যের রপ্তানি সম্প্রসারণ এবং দেশটির বিনিয়োগ আকর্ষণের লক্ষ্যে কুয়ালালামপুর সফর করতে যাচ্ছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)-এর একটি প্রতিনিধিদল। ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদের নেতৃত্বে ৩৯ সদস্যের এই দল আগামী ২২ থেকে ২৫ সেপ্টেম্বর ২০২৬ পর্যন্ত মালয়েশিয়া অবস্থান করবে। এ সফরে মালয়েশিয়ায় নিযুক্ত বাংলাদেশ হাইকমিশন সার্বিক সহযোগিতা করছে।

সফরকালে আগামী ২৩, ২৪ ও ২৫ সেপ্টেম্বর ঢাকা চেম্বারের প্রতিনিধিদলটি ক্ল্যাং চায়নিজ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, ফেডারেশন অব মালয়েশিয়ান ম্যানুফ্যাকচারার্স এবং ন্যাশনাল চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি অব মালয়েশিয়ার সঙ্গে যৌথ বাণিজ্য আলোচনা ও বিটুবি ম্যাচমেকিং সেশনে অংশ নেবে। এসব সেশনের মাধ্যমে বাংলাদেশি উদ্যোক্তারা দ্বিপক্ষীয় বাণিজ্য ও বিনিয়োগের নতুন ক্ষেত্র উন্মোচনের সুযোগ পাবেন।

এ ছাড়া আগামী ২৪ সেপ্টেম্বর কুয়ালালামপুরে বিশ্ববিখ্যাত হালাল পণ্যের প্রদর্শনী 'মালয়েশিয়া ইন্টারন্যাশনাল হালাল শোকেস (মিহাস)-২০২৬'-এ যোগ দেবে প্রতিনিধিদলটি। এতে অংশগ্রহণকারী মালয়েশিয়াসহ বিভিন্ন দেশের হালাল খাতের ব্যবসায়ীদের সঙ্গে আলোচনা ও ব্যবসায়িক সম্পর্ক গড়ে তোলার সুযোগ তৈরি হবে।

সফরকালে মালয়েশিয়া সরকারের পর্যটন, শিল্প ও সংস্কৃতি মন্ত্রী শ্রী টিয়ং কিং সিং এবং উপ-অর্থমন্ত্রী লিউ চিং টং-এর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করবেন ডিসিসিআই নেতারা।

উল্লেখ্য, মালয়েশিয়ায় কর্মরত মোট বিদেশি শ্রমিকের ৩৭ শতাংশই বাংলাদেশি, যারা ২০২৫-২৬ অর্থবছরে দেশে ৩.৪০ বিলিয়ন মার্কিন ডলার রেমিট্যান্স পাঠিয়েছেন। ২০২৪-২৫ অর্থবছরে দুই দেশের দ্বিপক্ষীয় বাণিজ্যের পরিমাণ ছিল প্রায় ২.৫৭ বিলিয়ন মার্কিন ডলার, যার মধ্যে বাংলাদেশ থেকে রপ্তানি ছিল ২৮২ মিলিয়ন ডলার এবং আমদানি ছিল ২ হাজার ২৯৩ মিলিয়ন ডলার। পাশাপাশি মালয়েশিয়ার ব্যবসায়ীরা বাংলাদেশে ইতোমধ্যে ৭৫৫.৪৮ মিলিয়ন ডলার বিনিয়োগ করেছেন যার সিংহভাগই টেলিযোগাযোগ, বিদ্যুৎ, কেমিক্যাল, ফার্মাসিউটিক্যালস, নির্মাণ ও টেক্সটাইল খাতে।

চার দিনের সফর শেষে ডিসিসিআই প্রতিনিধি দলটি আগামী ২৫ সেপ্টেম্বর ঢাকা ফিরবে।

দেশের প্রথম অনলাইন বিজনেস নিউজ পোর্টাল
অর্থসূচক
www.arthosuchak.com

সোমবার, ২১ সেপ্টেম্বর ২০২৬

# বাণিজ্য-বিনিয়োগ বাড়াতে মালয়েশিয়া যাচ্ছে ডিসিসিআইয়ের ৩৯ সদস্যের দল

বাংলাদেশ ও মালয়েশিয়ার মধ্যে বাণিজ্য ও বিনিয়োগের পরিধি বাড়ানোর পাশাপাশি দেশটির বাজারে বাংলাদেশের সম্ভাবনাময় পণ্যের রপ্তানি সম্প্রসারণে উদ্যোগ নিয়েছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। এর অংশ হিসেবে ৩৯ সদস্যের একটি প্রতিনিধিদল মালয়েশিয়া সফরে যাচ্ছে।

ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদের নেতৃত্বে প্রতিনিধিদলটি আগামী ২২ থেকে ২৫ সেপ্টেম্বর কুয়ালালামপুর সফর করবে। সফরটি সফল করতে মালয়েশিয়ায় নিযুক্ত বাংলাদেশের হাইকমিশন সার্বিক সহযোগিতা দিচ্ছে। রোববার (২০ সেপ্টেম্বর) ডিসিসিআইয়ের এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

সফরে ২৩, ২৪ ও ২৫ সেপ্টেম্বর ক্ল্যাং চাইনিজ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, ফেডারেশন অব মালয়েশিয়ান ম্যানুফেকচারার্স এবং ন্যাশনাল চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি অব মালয়েশিয়ার সঙ্গে বাণিজ্য আলোচনা করবে ডিসিসিআই প্রতিনিধিদল। পাশাপাশি বিভিন্ন প্রতিষ্ঠানের উদ্যোক্তাদের সঙ্গে ব্যবসায়িক যোগাযোগ ও বিনিয়োগের সম্ভাবনা নিয়ে বিটুবি বৈঠকে অংশ নেবেন বাংলাদেশের ব্যবসায়ীরা। এসব ব্যবসায়িক বৈঠকের মাধ্যমে দুই দেশের উদ্যোক্তাদের মধ্যে সরাসরি যোগাযোগ বাড়ানোর পাশাপাশি বাংলাদেশি পণ্যের জন্য মালয়েশিয়ার বাজারে নতুন সুযোগ তৈরির সম্ভাবনা রয়েছে।

এ ছাড়া ২৪ সেপ্টেম্বর কুয়ালালামপুরে অনুষ্ঠিতব্য বিশ্বের অন্যতম বৃহৎ হালাল পণ্যের আন্তর্জাতিক বাণিজ্য মেলা 'মালয়েশিয়া ইন্টারন্যাশনাল হালাল শোকেস-২০২৬'-এ অংশ নেবে ডিসিসিআই প্রতিনিধিদল। সেখানে মালয়েশিয়াসহ বিভিন্ন দেশের হালাল শিল্পের উদ্যোক্তাদের সঙ্গে বাণিজ্য ও বিনিয়োগ নিয়ে আলোচনার সুযোগ পাবেন বাংলাদেশের ব্যবসায়ীরা।

সফরকালে মালয়েশিয়া সরকারের পর্যটন, শিল্প ও সংস্কৃতিমন্ত্রী টিয়ং কিং সিং এবং উপমন্ত্রী লিউ চিং টংয়ের সঙ্গেও ঢাকা চেম্বারের নেতাদের সৌজন্য সাক্ষাৎ হওয়ার কথা রয়েছে।

দুই দেশের অর্থনৈতিক সম্পর্কের ক্ষেত্রেও মালয়েশিয়া বাংলাদেশের জন্য গুরুত্বপূর্ণ অংশীদার। দেশটিতে কর্মরত বিদেশি শ্রমিকদের মধ্যে ৩৭ শতাংশই বাংলাদেশি। ২০২৫-২৬ অর্থবছরে এসব বাংলাদেশি কর্মী দেশে মোট ৩ দশমিক ৪০ বিলিয়ন মার্কিন ডলার রেমিট্যান্স পাঠিয়েছেন।

অন্যদিকে ২০২৪-২৫ অর্থবছরে বাংলাদেশ ও মালয়েশিয়ার মধ্যকার বাণিজ্যের পরিমাণ ছিল প্রায় ২ দশমিক ৫৭ বিলিয়ন মার্কিন ডলার। এ সময়ে বাংলাদেশ থেকে মালয়েশিয়ায় রপ্তানি হয়েছে ২৮২ মিলিয়ন মার্কিন ডলারের পণ্য, বিপরীতে দেশটি থেকে আমদানি হয়েছে ২ দশমিক ২৯৩ বিলিয়ন মার্কিন ডলারের পণ্য।

বাংলাদেশে মালয়েশিয়ার বিনিয়োগও উল্লেখযোগ্য। এখন পর্যন্ত দেশটির উদ্যোক্তারা বাংলাদেশে ৭৫৫ দশমিক ৪৮ মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছেন। টেলিযোগাযোগ, বিদ্যুৎ, কেমিক্যাল ও ফার্মাসিউটিক্যাল, নির্মাণ এবং টেক্সটাইলসহ বিভিন্ন খাতে এসব বিনিয়োগ রয়েছে।

সফর শেষে আগামী ২৫ সেপ্টেম্বর ঢাকায় ফেরার কথা রয়েছে ডিসিসিআই প্রতিনিধিদলের।

Dhaka Mail
সোমবার, ২১ সেপ্টেম্বর ২০২৬

# বিনিয়োগ সম্প্রসারণে মালয়েশিয়ায় যাচ্ছেন ডিসিসিআইয়ের ৩৯ সদস্য

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)

দ্বিপাক্ষিক বাণিজ্য ও বিনিয়োগ বাড়ানো, মালয়েশিয়ার বাজারে বাংলাদেশের সম্ভাবনাময় পণ্যের রফতানি সম্প্রসারণ এবং দেশটির বিনিয়োগ আকর্ষণের লক্ষ্যে মালয়েশিয়া যাচ্ছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) প্রতিনিধিদল। ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদের নেতৃত্বে ৩৯ সদস্যের প্রতিনিধিদলটি আগামী ২২ থেকে ২৫ সেপ্টেম্বর মালয়েশিয়ার কুয়ালালামপুর সফর করবে।

রোববার (২০ সেপ্টেম্বর) গণমাধ্যমে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)।

সফরকালে আগামী ২৩, ২৪ ও ২৫ সেপ্টেম্বর যথাক্রমে ক্ল্যাং চাইনিজ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, ফেডারেশন অব মালয়েশিয়ান ম্যানুফ্যাকচারার্স এবং ন্যাশনাল চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি অব মালয়েশিয়ার সঙ্গে বাণিজ্য আলোচনা ও ব্যবসায়িক বৈঠকে অংশ নেবেন বাংলাদেশের উদ্যোক্তারা।

এসব বৈঠকে ব্যবসা-বাণিজ্য ও বিনিয়োগের সম্ভাবনা নিয়ে আলোচনা হবে। পাশাপাশি ব্যবসায়িক ম্যাচমেকিং বা বিটুবি সেশনের মাধ্যমে দুই দেশের উদ্যোক্তাদের মধ্যে নতুন ব্যবসায়িক যোগাযোগ ও বিনিয়োগের সুযোগ তৈরির উদ্যোগ নেওয়া হবে।

এ ছাড়া ২৪ সেপ্টেম্বর কুয়ালালামপুরে অনুষ্ঠিতব্য বিশ্বের অন্যতম বৃহৎ হালাল পণ্যের আন্তর্জাতিক বাণিজ্য মেলা 'মালয়েশিয়া ইন্টারন্যাশনাল হালাল শোকেস (মিহাস)-২০২৬'-এ অংশ নেবে ডিসিসিআই প্রতিনিধিদল। সেখানে মালয়েশিয়াসহ বিভিন্ন দেশের হালাল শিল্পের উদ্যোক্তাদের সঙ্গে ব্যবসা-বাণিজ্য ও বিনিয়োগ সম্প্রসারণের সুযোগ তৈরি হবে।

সফরকালে মালয়েশিয়া সরকারের পর্যটন, শিল্প ও সংস্কৃতিমন্ত্রী টিয়ং কিং সিং এবং উপ-অর্থমন্ত্রী লিউ চিং টংয়ের সঙ্গে ডিসিসিআই নেতৃবৃন্দের সৌজন্য সাক্ষাৎ হওয়ার কথা রয়েছে।

সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, মালয়েশিয়ায় কর্মরত বিদেশি শ্রমিকদের মধ্যে ৩৭ শতাংশই বাংলাদেশি। ২০২৫-২৬ অর্থবছরে দেশটিতে কর্মরত বাংলাদেশিরা মোট ৩ দশমিক ৪০ বিলিয়ন মার্কিন ডলার রেমিট্যান্স দেশে পাঠিয়েছেন।

এদিকে ২০২৪-২৫ অর্থবছরে বাংলাদেশ ও মালয়েশিয়ার মধ্যে মোট বাণিজ্যের পরিমাণ ছিল প্রায় ২ দশমিক ৫৭ বিলিয়ন মার্কিন ডলার। এর মধ্যে বাংলাদেশ মালয়েশিয়া থেকে ২ হাজার ২৯৩ মিলিয়ন মার্কিন ডলারের পণ্য আমদানি করেছে এবং দেশটিতে ২৮২ মিলিয়ন মার্কিন ডলারের পণ্য রফতানি করেছে।

এ ছাড়া মালয়েশিয়ার উদ্যোক্তারা বাংলাদেশে ইতোমধ্যে ৭৫৫ দশমিক ৪৮ মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছেন। টেলিযোগাযোগ, বিদ্যুৎ, কেমিক্যাল ও ফার্মাসিউটিক্যাল, নির্মাণ এবং টেক্সটাইলসহ বিভিন্ন খাতে এসব বিনিয়োগ রয়েছে।

মালয়েশিয়ায় সফর শেষে ডিসিসিআই প্রতিনিধিদল আগামী ২৫ সেপ্টেম্বর ঢাকায় ফিরবে।

DHAKA POST

সোমবার, ২১ সেপ্টেম্বর ২০২৬

# বাণিজ্য সম্প্রসারণে মালয়েশিয়া যাচ্ছে ডিসিসিআইয়ের ৩৯ সদস্যের প্রতিনিধিদল




**বাংলাদেশ ও মালয়েশিয়ার মধ্যকার দ্বিপাক্ষিক বাণিজ্য ও বিনিয়োগ সম্প্রসারণ, দেশটির বাজারে বাংলাদেশের সম্ভাবনাময় পণ্যের রপ্তানি বাড়ানো এবং বিনিয়োগ আকর্ষণের লক্ষ্যে মালয়েশিয়া সফরে যাচ্ছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)।**

ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদের নেতৃত্বে ৩৯ সদস্যের একটি বাণিজ্য প্রতিনিধিদল আগামী ২২ থেকে ২৫ সেপ্টেম্বর মালয়েশিয়ার রাজধানী কুয়ালালামপুর সফর করবে। সফরকালে বাংলাদেশি উদ্যোক্তারা দেশটির ব্যবসায়ী ও শিল্পোদ্যোক্তাদের সঙ্গে বাণিজ্য ও বিনিয়োগ নিয়ে আলোচনা এবং ব্যবসায়িক যোগাযোগ তৈরির সুযোগ পাবেন। মালয়েশিয়ায় নিযুক্ত বাংলাদেশের হাইকমিশন ডিসিসিআইয়ের প্রতিনিধিদলের সফরের সব কর্মকাণ্ডে সার্বিক সহযোগিতা দিচ্ছে।

সফরের অংশ হিসেবে আগামী ২৩, ২৪ ও ২৫ সেপ্টেম্বর যথাক্রমে ক্ল্যাং চাইনিজ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, ফেডারেশন অব মালয়েশিয়ান ম্যানুফ্যাকচারার্স এবং ন্যাশনাল চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি অব মালয়েশিয়ার সঙ্গে বাণিজ্য আলোচনা ও ব্যবসায়ীদের মধ্যে বিজনেস-টু-বিজনেস (বিটুবি) সেশনে অংশ নেবে ডিসিসিআই প্রতিনিধিদল।

এসব বিটুবি বৈঠকে অংশগ্রহণের মাধ্যমে বাংলাদেশি উদ্যোক্তারা মালয়েশিয়ার ব্যবসায়ীদের সঙ্গে সরাসরি যোগাযোগ স্থাপন এবং নতুন বাণিজ্য ও বিনিয়োগের সুযোগ পাবেন। একই সঙ্গে বাংলাদেশি পণ্যের জন্য মালয়েশিয়ার বাজারে নতুন ক্রেতা ও ব্যবসায়িক অংশীদার খুঁজে পাওয়ার সম্ভাবনাও তৈরি হবে।

এ ছাড়া আগামী ২৪ সেপ্টেম্বর কুয়ালালামপুরে অনুষ্ঠিত হতে যাওয়া বিশ্বের অন্যতম বৃহৎ হালাল পণ্যের আন্তর্জাতিক বাণিজ্য মেলা 'মালয়েশিয়া ইন্টারন্যাশনাল হালাল শোকেস (মিহাস)-২০২৬'-এ অংশ নেবে ডিসিসিআই প্রতিনিধিদল। মেলায় বাংলাদেশি ব্যবসায়ীরা মালয়েশিয়াসহ বিভিন্ন দেশের হালাল শিল্পের উদ্যোক্তাদের সঙ্গে ব্যবসা-বাণিজ্য ও বিনিয়োগ সম্প্রসারণের বিষয়ে যোগাযোগের সুযোগ পাবেন।

সফরকালে মালয়েশিয়া সরকারের পর্যটন, শিল্প ও সংস্কৃতিমন্ত্রী টিয়ং কিং সিং এবং উপ-অর্থমন্ত্রী লিউ চিং টংয়ের সঙ্গে ডিসিসিআই নেতাদের সৌজন্য সাক্ষাৎ হওয়ার কথা রয়েছে। এসব বৈঠকে দুই দেশের বাণিজ্য ও বিনিয়োগ সম্পর্ক আরও সম্প্রসারণের বিভিন্ন দিক নিয়ে আলোচনা হবে।

দুই দেশের বাণিজ্যিক সম্পর্কের ক্ষেত্রে মালয়েশিয়ায় কর্মরত বাংলাদেশি শ্রমিকদেরও গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। মালয়েশিয়ায় কর্মরত মোট বিদেশি শ্রমিকের ৩৭ শতাংশই বাংলাদেশি। ২০২৫-২৬ অর্থবছরে এসব বাংলাদেশি শ্রমিক মোট ৩ দশমিক ৪০ বিলিয়ন মার্কিন ডলার রেমিট্যান্স বাংলাদেশে পাঠিয়েছেন।

অন্যদিকে, ২০২৪-২৫ অর্থবছরে বাংলাদেশ ও মালয়েশিয়ার মধ্যকার মোট বাণিজ্যের পরিমাণ ছিল প্রায় ২ দশমিক ৫৭ বিলিয়ন মার্কিন ডলার। এর মধ্যে বাংলাদেশ মালয়েশিয়া থেকে ২ দশমিক ২৯৩ বিলিয়ন মার্কিন ডলারের পণ্য আমদানি করেছে। বিপরীতে মালয়েশিয়ায় বাংলাদেশের রপ্তানির পরিমাণ ছিল ২৮২ মিলিয়ন মার্কিন ডলার।

বাণিজ্যের পাশাপাশি বাংলাদেশে মালয়েশিয়ার বিনিয়োগও রয়েছে। দেশটির উদ্যোক্তারা ইতোমধ্যে বাংলাদেশে ৭৫৫ দশমিক ৪৮ মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছেন। টেলিযোগাযোগ, বিদ্যুৎ, কেমিক্যাল ও ফার্মাসিউটিক্যাল, নির্মাণ এবং টেক্সটাইলসহ বিভিন্ন খাতে এসব বিনিয়োগ রয়েছে।

ডিসিসিআইয়ের এবারের সফরের মধ্য দিয়ে বিদ্যমান বাণিজ্য ও বিনিয়োগ সম্পর্ক আরও বিস্তৃত করার পাশাপাশি বাংলাদেশি উদ্যোক্তাদের জন্য মালয়েশিয়ার বাজারে নতুন ব্যবসায়িক সুযোগ তৈরির চেষ্টা করা হবে। একই সঙ্গে মালয়েশিয়ার উদ্যোক্তাদের বাংলাদেশে বিনিয়োগে আগ্রহী করে তোলার বিষয়টিও সফরের অন্যতম লক্ষ্য।

চার দিনের সফর শেষে ডিসিসিআইয়ের ৩৯ সদস্যের প্রতিনিধিদল আগামী ২৫ সেপ্টেম্বর ঢাকায় ফিরবে।

Jago NEWS 24

সোমবার, ২১ সেপ্টেম্বর ২০২৬

# ব্যবসা সম্প্রসারণে মালয়েশিয়ায় যাচ্ছে ঢাকা চেম্বারের প্রতিনিধিদল

DCCI
ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি

বাংলাদেশ-মালয়েশিয়ার মধ্যকার দ্বিপাক্ষিক বাণিজ্য ও বিনিয়োগ বৃদ্ধি, দেশটির বাজারে বাংলাদেশের সম্ভাবনাময় পণ্যের রপ্তানি সম্প্রসারণের লক্ষ্যে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) একটি প্রতিনিধিদল মালয়েশিয়া সফরে যাচ্ছে।

ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদের নেতৃত্বে ৩৯ সদস্যের প্রতিনিধিদল আগামী ২২ থেকে ২৫ সেপ্টেম্বর কুয়ালালামপুর সফর করবে। এ লক্ষ্যে মালয়েশিয়ায় নিযুক্ত বাংলাদেশের হাইকমিশন ডিসিসিআই'র প্রতিনিধিদলের সব কর্মকাণ্ডে সার্বিক সহযোগিতা করছে। রোববার (২০ সেপ্টেম্বর) ডিসিসিআইয়ের এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

সফরকালে ঢাকা চেম্বারের বাণিজ্য প্রতিনিধিদলটি আগামী ২৩, ২৪ ও ২৫ সেপ্টেম্বর সময়ে ক্ল্যাং চাইনিজ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, ফেডারেশন অব মালয়েশিয়ান ম্যানুফেকচারার্স ও ন্যাশনাল চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি অব মালয়েশিয়ার সঙ্গে বাণিজ্য আলোচনা এবং বিটুবি সেশনে অংশগ্রহণ করবে। অনুষ্ঠিতব্য বিজনেস ম্যাচ মেকিং (বিটুবি) সেশনে অংশগ্রহণের মাধ্যমে দ্বিপাক্ষিক বাণিজ্য ও বিনিয়োগ সম্প্রসারণের সুযোগ পাবে বাংলাদেশের উদ্যোক্তারা।

ডিসিসিআই প্রতিনিধিদলটি ২৪ সেপ্টেম্বর কুয়ালালামপুরে অনুষ্ঠিতব্য বিশ্বের অন্যতম বৃহত্তম হালাল পণ্যের আন্তর্জাতিক বাণিজ্য মেলা 'মালয়েশিয়া ইন্টারন্যাশনাল হালাল শোকেস (মিহাস)-২০২৬' এ অংশগ্রহণ করবে এবং হালাল শিল্পখাতের মালয়েশিয়াসহ বিভিন্ন দেশের উদ্যোক্তাদের সঙ্গে ব্যবসা-বাণিজ্য ও বিনিয়োগ সম্প্রসারণের সুযোগ পাবে।

এ সফরকালে মালয়েশিয়া সরকারের পর্যটন, শিল্প ও সংস্কৃতি মন্ত্রী টিয়ং কিং সিং এবং উপ অর্থমন্ত্রী লিউ চিং টংয়ের সঙ্গে ঢাকা চেম্বারের নেতৃবৃন্দের সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত হবে।

উল্লেখ্য, মালয়েশিয়ায় কর্মরত মোট বিদেশি শ্রমিকদের মধ্যে ৩৭ শতাংশ বাংলাদেশি, যারা ২০২৫-২৬ অর্থবছরে মোট ৩.৪০ বিলিয়ন মার্কিন ডলারের রেমিট্যান্স পাঠিয়েছেন। ২০২৪-২৫ অর্থবছরে বাংলাদেশ ও মালয়েশিয়ার মধ্যকার বাণিজ্যের পরিমাণ প্রায় ২.৫৭ বিলিয়ন মার্কিন ডলার, যেখানে বাংলাদেশের আমদানি-রপ্তানির পরিমাণ ছিল যথাক্রমে ২২৯৩ ও ২৮২ মিলিয়ন মার্কিন ডলার।

এছাড়াও মালয়েশিয়ার উদ্যোক্তারা এরই মধ্যে বাংলাদেশে ৭৫৫.৪৮ মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ করেছে। যার মধ্যে টেলিযোগাযোগ, বিদ্যুৎ, কেমিক্যাল ও ফার্মাসিউটিক্যাল, নির্মাণ এবং টেক্সটাইল প্রভৃতি খাত উল্লেখযোগ্য। সফর শেষে আগামী ২৫ সেপ্টেম্বর ঢাকায় ফিরবে ডিসিসিআই'র প্রতিনিধিদলটি।

risingbd.com

সোমবার, ২১ সেপ্টেম্বর ২০২৬

# মালয়েশিয়ায় যাচ্ছে ঢাকা চেম্বারের প্রতিনিধিদল

DCCI

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি

মালয়েশিয়ার বাজারে বাংলাদেশি পণ্যের রপ্তানি বাড়ানো, নতুন বিনিয়োগ আকর্ষণ এবং ব্যবসায়ী পর্যায়ে সরাসরি অংশীদারত্ব গড়ে তুলতে চার দিনের সফরে মালয়েশিয়ায় যাচ্ছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) ৩৯ সদস্যের বাণিজ্য প্রতিনিধিদল।

আগামী ২২ থেকে ২৫ সেপ্টেম্বর ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদের নেতৃত্বে প্রতিনিধিদলটি কুয়ালালামপুর সফর করবে। সফরে মালয়েশিয়ায় নিযুক্ত বাংলাদেশের হাইকমিশন সার্বিক সহযোগিতা দেবে।

সফরের সময় প্রতিনিধিদলটি মালয়েশিয়ার তিনটি শীর্ষ ব্যবসায়ী সংগঠনের সঙ্গে বৈঠক ও বিজনেস-টু-বিজনেস (বিটুবি) সেশনে অংশ নেবে। এর মধ্যে ২৩ সেপ্টেম্বর ক্ল্যাং চাইনিজ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, ২৪ সেপ্টেম্বর ফেডারেশন অব মালয়েশিয়ান ম্যানুফ্যাকচারার্স এবং ২৫ সেপ্টেম্বর ন্যাশনাল চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি অব মালয়েশিয়ার সঙ্গে বাণিজ্য আলোচনা হবে। প্রতিনিধিদলটি ২৫ সেপ্টেম্বর ঢাকা ফিরে আসবে।

ডিসিসিআইর প্রত্যাশা, এসব বৈঠকের মাধ্যমে দুই দেশের উদ্যোক্তাদের মধ্যে সরাসরি ব্যবসায়িক যোগাযোগ বাড়বে এবং নতুন বিনিয়োগ ও রপ্তানির সুযোগ তৈরি হবে।

## মিহাস মেলায় অংশ নেবে বাংলাদেশ

সফরের অন্যতম আকর্ষণ হবে ২৪ সেপ্টেম্বর কুয়ালালামপুরে অনুষ্ঠিত বিশ্বের অন্যতম বৃহৎ হালাল পণ্যের আন্তর্জাতিক বাণিজ্য মেলা মালয়েশিয়া ইন্টারন্যাশনাল হালাল শোকেস (মিহাস) ২০২৬-এ অংশগ্রহণ।

ডিসিসিআই জানিয়েছে, এ মেলায় মালয়েশিয়াসহ বিভিন্ন দেশের উদ্যোক্তাদের সঙ্গে হালাল শিল্প, খাদ্য প্রক্রিয়াজাতকরণ ও অন্যান্য সম্ভাবনাময় খাতে নতুন ব্যবসায়িক অংশীদারত্বের সুযোগ খুঁজবেন বাংলাদেশের ব্যবসায়ীরা।

## মন্ত্রীদের সঙ্গে বৈঠক

সফরকালে মালয়েশিয়ার পর্যটন, শিল্প ও সংস্কৃতি মন্ত্রী টিয়ং কিং সিং এবং উপ-অর্থমন্ত্রী লিউ চিং টং-এর সঙ্গে ডিসিসিআই নেতাদের সৌজন্য সাক্ষাৎ হওয়ার কথা রয়েছে। বৈঠকে বিনিয়োগ, বাণিজ্য সহযোগিতা এবং দুই দেশের অর্থনৈতিক সম্পর্ক নিয়ে আলোচনা হবে।

## বাণিজ্য ও বিনিয়োগের বর্তমান চিত্র

ডিসিসিআইর তথ্য অনুযায়ী, ২০২৪-২৫ অর্থবছরে বাংলাদেশ ও মালয়েশিয়ার দ্বিপক্ষীয় বাণিজ্যের পরিমাণ ছিল প্রায় ২ দশমিক ৫৭ বিলিয়ন মার্কিন ডলার। এর মধ্যে বাংলাদেশ মালয়েশিয়া থেকে ২ দশমিক ২৯৩ বিলিয়ন ডলারের পণ্য আমদানি করেছে, আর রপ্তানি করেছে ২৮২ মিলিয়ন ডলারের পণ্য।

এ পর্যন্ত মালয়েশিয়ার উদ্যোক্তারা বাংলাদেশে ৭৫৫ দশমিক ৪৮ মিলিয়ন ডলার বিনিয়োগ করেছেন। টেলিযোগাযোগ, বিদ্যুৎ, রাসায়নিক, ওষুধ, নির্মাণ ও বস্ত্র খাত এসব বিনিয়োগের প্রধান ক্ষেত্র।

ডিসিসিআই জানিয়েছে, মালয়েশিয়ায় কর্মরত বিদেশি শ্রমিকদের মধ্যে বাংলাদেশিদের অংশ উল্লেখযোগ্য। ২০২৫-২৬ অর্থবছরে দেশটিতে কর্মরত বাংলাদেশিরা প্রায় ৩ দশমিক ৪ বিলিয়ন ডলার রেমিট্যান্স দেশে পাঠিয়েছেন।